বিকাশ, আমি ও UPS

আমি mess-এ বসে দুধ ও biscuit খাচ্ছিলাম। বিকাশ mess-এ ঢুকল। আমাকে দেখে, একটু অপ্রস্তুত হেসে বলল, "দ্যাখ, আমি ব্যবস্থা করে এসেছি, আমাদের আর ল্যাবএ দেরি করে কাজ করতে হবেনা।" ইদানীং আমাদের স্যার খুব ঝামেলা শুরু করেছেন, ওনার দাবি প্রায় যে আমরা রাত দিন lab-এই কাটিয়ে দি, শুধু খাবার জন্য mess-এ যাব। তাও আবার কি, lab-এ চা-টার ও ব্যবস্থা করে দিয়ে ছেন। তাই বিকাশের কথা শুনে খুব আগ্রহ হল। "কেন, কি করেছিস?" আমি বললাম।

"দ্যাখ, আমি এতক্ষন কাজ করছিলাম, আর স্যার ওনার আপিসে বসে computerএ টক টক করে কি লিখছিলেন।" আমরা যে lab-এ কাজ করি সেটা আসলে অ্যাকটা তলায় তিনটে ঘর। অ্যাকটা ঘর স্যারের আপিস, আর দুটো ঘরে computer, টেবিল ইত্যাদি ছিল, যেখানে আমরা কাজ করি। স্যার দুটো আঙুল দিয়ে touch type করেন, অর্থাৎ কিছু চিঠি ইত্যাদি লিখতে ঘণ্টা খানেক লাগে। তার উপর উনি mail লিখতেন elm বলে অ্যাকটা programএর মাধ্যমে - আমি ও বিকাশ এই programএর মাথা মুন্ডু জানতাম না, কিন্তু অ্যাকটা জিনিস বুঝলাম - চিঠি লিখতে লিখতে কোনো কারনে computer বন্ধ হয়গেলে পুরো চিঠি হাওয়া - save বলে কোনো funda ছিল না।

"আমার কাজ শেষ হলে, আমি computer বন্ধ করলাম। হঠাৎ মোনে পরল যে স্যার বিশেষ করে বলেছেন, কাজ শেষ হলে UPS ও বন্ধ করতে, তাই আমি UPS বন্ধ করে দিলাম। বই পত্র গছাতে গছাতে খেয়াল করলাম স্যারের টক টক থেমে গিয়েছে। তার পর উনি ঘরে হাজির। 'বিকাশ, হোয়াট হ্যাপেন্ড ? দা computer স্টপ্ড ওয়ার্কিং !' " বিকাশ তখন বুঝল কি হয়চে। ও যে UPS বন্ধ করেছে সেটার সঙ্গে শুধু ও যে computerএ কাজ করছিল লাগান ছিলনা - স্যারের ও computer লাগান ছিল। স্যার নাকি শব কথা বুঝে বিকাশকে খুব "ছিছি" করে ছেড়ে দিল। বিকাশ ওর চা শেষ করে ওর ঘরে গেল।

আমিও উঠলাম , cycle-এ চরে lab-এ গেলাম। আপিশে স্যার অ্যাখনো টক টক করে যাচ্ছেন, মনে হল আবার সেই চিঠি লিখছেন । আমি কিছুক্ষন কাজ করে দেখলাম রাত্রের খাবারের জন্য দেরি হয় যাচ্ছে। আমি ফাইল save করে , computer বন্ধ করলাম। UPS বন্ধ করতে করতে মনে মনে ভাবলাম - "বিকাশটা কিনা করে !" মানুষের মস্তিষ্ক কিরম বিদ্যুৎ এর মতন কাজ করে : আমার হাত সুইচ বন্ধ করতে যত টা সময় লাগে, সেই সময়ের মধ্যে আমার মাথায় একটা প্রশ্ন উঠল। আমাদের ল্যাবে ত দুটো UPS, বিকাশ কোন UPSএর কথা বলছিল ?

UPSটা "ঘররররর" করে বন্ধ হল। ল্যাবে শব চুপ। বাই রে ফড়িংএর ডাক শুনলাম। কান পেতে অপেক্ষা করলাম, কিন্তু স্যারের "টক টক" আর নেয়। হঠাৎ শুনলাম পায়ের শব্দ, অমার ঘরের দিকে আসছে...